


**এইচ. এস. সি পরীক্ষার সময়সূচী**

আমরা ১৯৮৭ সনের এইচ. এস. সি পরীক্ষার্থী। জানতে পারলাম যে, আমাদের প্রতিদিন দু'টি বিষয়ে পরীক্ষা দিতে হবে। এতদিন ও কেবলমাত্র বাংলা-ই একদিনে দুটি পরীক্ষা দিতে হত। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ চিরা-চরিত প্রথা ভঙ্গ করে প্রতিদিন দুটি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠানের সিদ্ধান্ত নিয়েছেন, যা ছাত্র-ছাত্রীদের জন্য মারাত্মক ক্ষতিকর। জানি না কর্তৃপক্ষ হঠাৎ করে কেন এই সিদ্ধান্ত নিলেন। কর্তৃপক্ষ যদি ছাত্র ছাত্রীদের সত্যিকার কল্যাণ চান তবে পূর্বে যেভাবে সময়সূচী প্রণীত হত সেভাবে যেন তারা পরীক্ষার রুটিন প্রণয়ন করেন। অর্থাৎ একমাত্র বাংলা ব্যতীত আর সব বিষয়ে প্রতিদিন যেন একটি করে পরীক্ষা দেয়া হয়।

আমরা এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। কাজী কামরুল ইসলাম-নটর-ভৈরব কলেজ, ঢাকা, মোঃ কামাল-উদ্দিন নরসিংদী সরকারী কলেজ, কানিজ আক্তার, বদরুন্নেছা মাইনা কলেজ।

|| ২ ||

আমরা ১৯৮৭ সনের সনের এইচ. এস. সি পরীক্ষার্থী। বিশেষ সূত্রে জানতে পারলাম যে, আগামী ১৩ই জুন থেকে আরম্ভ এইচ. এস. সি পরীক্ষার প্রতিদিন দুটি করে পরীক্ষা অনুষ্ঠিত হবে (১ম ও ২য় পত্র)। এটা পাগলামি



(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

ছাড়া অন্য কিছুই নয়। কারণ কোন ছাত্রের পক্ষেই একই দিনে ইংরেজী, পদার্থবিদ্যা, গণিত, রসায়নবিদ্যা, জীববিদ্যা-এ সমস্ত পরীক্ষা দেয়া সম্ভব নয় এবং যা পূর্বেও কোনদিন ছিল না। প্রতিবছর এইচ. এস. সি পরীক্ষার শুধুমাত্র বাংলা ১ম এবং ২য় পত্র একই দিনে অনুষ্ঠিত হত। কিন্তু এবার বোর্ড কর্তৃপক্ষ সেনিয়ার লংঘন করে প্রতিদিন দুটি করে পরীক্ষা ছাত্রছাত্রীদের উপর চাপিয়ে দিয়েছেন। এতে ছাত্র-ছাত্রীরা ভীষণ দুঃস্থির পড়েছে এবং লেখাপড়ারও বিঘ্ন ঘটছে।

এ অবস্থায় বোর্ড কর্তৃপক্ষের নিকট আবেদন, প্রতিদিন দুটি করে পরীক্ষার পরিবর্তে একটি পরীক্ষার পুরাতন পদ্ধতি চালু করে ছাত্রছাত্রীদেরকে দুঃস্থিতমুক্ত করুন।

মোঃ সফিকুল ইসলাম (দুল)  
নরসিংদী সরকারী কলেজ,  
নরসিংদী।

|| ৩ ||

যশোর বোর্ডের এইচ. এস. সি পরীক্ষার যে সময়সূচী প্রকাশিত হয়েছে সে সময়সূচী বিগত বছর-গুলোর পরীক্ষার সময়সূচীর সাথে সম্পূর্ণরূপে অসামঞ্জস্যপূর্ণ। এই সময়সূচী অনুযায়ী প্রতিদিন দুটি করে পরীক্ষা অনুষ্ঠিত হবে

এবং একমাত্র সাপ্তাহিক ছুটি ছাড়া কলা, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের পরীক্ষাগুলো বিঘ্নিত-হীন ভাবে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচীর প্রথম চার দিনে কলা বিভাগের পরীক্ষার্থীদের আটটি বিষয়ের পরীক্ষা দিতে হবে। একথা সর্ধজনস্বীকৃত যে, উচ্চ মাধ্যমিক শ্রেণীর বর্তমান পাঠ্যক্রম অত্যন্ত ব্যাপক এবং প্রতিটি বিষয়েই বর্ণনামূলক প্রশ্নের উত্তর দিতে হয়। একপ পাঠ্যক্রমে ওপর পরীক্ষা দিতে হলে প্রত্যেক পরীক্ষার্থীকেই তার পাঠ্যপুস্তক পরীক্ষার পূর্বে অন্ততঃ একটি, বার 'রিভাইস' করতে হয়। কিন্তু অতীব দুঃখের বিষয়, যশোর বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত সময়সূচী পরীক্ষার্থীদের পরীক্ষার পূর্বে তাদের পাঠ্যপুস্তক ন্যূনতম 'রিভাইস' দেয়ার সুযোগ প্রদানের সম্পূর্ণরূপ পরিপন্থী। এছাড়া এই সময়সূচী অনুযায়ী পরীক্ষা দিলে অনেক পরীক্ষার্থীর পক্ষেই ভালভাবে প্রস্তুতি নেয়া সম্ভবপর নয়।

এমতাবস্থায় বোর্ড কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন, এইচ. এস. সি পরীক্ষার সময়সূচীকে পরিবর্তন করে বিগত বছরগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ সময়সূচী প্রণয়ন করুন। যাতে

করে পরীক্ষার্থীরা তাদের পাঠ্যক্রম 'রিভাইস' করার সুযোগ পায়। সাথে সাথে প্রকৃত শিক্ষক মণ্ডলীর কাছে আমাদের আবেদন আপনারা আমাদের পক্ষ হয়ে বোর্ড কর্তৃপক্ষের কাছে এইচ. এস. সি পরীক্ষার সময়সূচী পরিবর্তনের সুপারিশ করুন। এইচ. এস. সি পরীক্ষার্থীদের পক্ষে সৈয়দ মাইনুল হাসান (স্বমন), বরিশাল।